দৈনিক জনকণ্ঠ

তারিখ ....... 
পৃষ্ঠা ৮ .... কলাম ...

# 'সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে আইনশৃঙ্খলা' রক্ষাকারী সংস্থা পূর্বানুমতি ছাড়াই হল তল্লাশি করতে পারবে

## ঢাবি কর্তৃপক্ষের সভায় সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের সব হল কর্ডন করে প্রতিটি ফ্লোরে প্রতিটি কক্ষে তল্লাশি চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এ ছাড়া আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহকে কোনরকম পূর্বানুমতি ছাড়া সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে যে কোন হলে যে কোন মুহূর্তে তল্লাশি চালানোর অনুমতি দেয়া হয়েছে। গত পাঁচ বছরে

(১১ পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## সুনির্দিষ্ট তথ্যের

(প্রথম পাতার পর)

অর্জিত শিক্ষার সুষ্ঠু ও শান্তিপূ
পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২
জুলাইয়ের ধর্মঘট এবং ২৯ জুলাই থেকে লাগাতা
ধর্মঘট কর্মসূচী প্রত্যাহার করে কর্তৃপক্ষের স
আন্তরিক আলোচনার ভিত্তিতে সকল সমস্যা সমাধা
করার আহ্বান জানিয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ে
সিনেট, সিন্ডিকেট, শিক্ষক সমিতি, সকল অনুষদে
ডিন, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান এব
ইনস্টিটিউট পরিচালকদের এক যৌথ বৈঠকে এস
সিদ্ধান্ত নেয়া হয়েছে।

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত
অনুষ্ঠিত বৈঠকে আরও উপস্থিত ছিলেন কোষাধ্য
অধ্যাপক আবুল হাশেম। গতকাল বিশ্ববিদ্যালয়ে
প্রশাসনিক ভবনের সভা কক্ষে এই যৌথসভা অনুষ্ঠি
হয়।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকা
হল কর্ডন করে প্রাধ্যক্ষ, হাউস টিউটর, সিনেট
সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি
সদস্যবৃন্দ, প্রক্টর, সহকারী প্রক্টর এবং সংশ্লিষ্ট হলে
সঙ্গে সংযুক্ত শিক্ষকদের উপস্থিতিতে আইনশৃঙ্খল
প্রয়োগকারী সংস্থাসমূহের সহযোগিতায় হলের প্রতি
ফ্লোরে প্রতিটি কক্ষে তল্লাশি চালানো হবে। তল্লাশিকা
কেবল আবাসিক, দ্বৈতাবাসিক ও অনুমতিপ্রাপ্ত ছাত্ররা
হলে তাদের স্ব স্ব কক্ষে অবস্থান করতে পারবে
তল্লাশির পরে কোন আবাসিক, দ্বৈতাবাসিক
অনুমতিপ্রাপ্ত ছাত্র হলে প্রবেশ করতে চাইলে সে
ছাত্রের পরিচয়পত্র দেখে হল প্রশাসন শিক্ষকদে
সহায়তায় তাদের হলে প্রবেশের ব্যবস্থা করবে
পর্যায়ক্রমে এই ব্যবস্থা সকল হলে গৃহীত হবে। সভা
আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের তৎপরতার জন
তাদের ধন্যবাদ জানানো হয়েছে। আইনশৃঙ্খল
রক্ষাকারী সংস্থার সদস্যগণ ক্যাম্পাসে সন্দেহভাজন
কোন ব্যক্তিকে তার পরিচয় জানার জন্য জিজ্ঞাসাবা
করতে পারবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে
কোন ছাত্র সংগঠনভুক্ত বা বহির্ভূত কোন আবাসিক
দ্বৈতাবাসিক বা অনুমতিপ্রাপ্ত ছাত্র যাদের হলে থাকতে
অসুবিধা হয় কর্তৃপক্ষ সকল দায়িত্ব নিয়ে তাদের হলে
তুলে দেয়ার কথা জানিয়েছে। যে ছাত্ররা এ ধরনে
সমস্যায় পড়েছে তাদের সংশ্লিষ্ট হল প্রভোস্ট, প্রক্ট
কিংবা উপাচার্যকে জানাতে বলা হয়েছে।